[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

যেসব বিদ্যালয়ে ৫০ জনের কম শিক্ষার্থী রয়েছে, সেগুলো নিকটবর্তী বিদ্যালয়ের সঙ্গে সমন্বয়ের সরকারি সিদ্ধান্ত আছে। ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা এলে সে অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

কিন্তু সীমান্তের সরকারি প্রাথমিক বিদ্যালয় যেন একটি ব্যতিক্রম। এখানে শিক্ষার্থীর সংখ্যা কম, কারণ মানুষ কমে গেছে; মানুষ কমেছে কাঁটাতারের কারণে। তাই নবীননগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অস্তিত্বের প্রশ্নটি শুধু একটি বিদ্যালয় রক্ষার নয়, বরং সীমান্তের শিশুদের শিক্ষার অধিকার রক্ষারও। সংখ্যার অঙ্কে হয়তো এই স্কুল ছোট, কিন্তু সীমান্তের মানুষের কাছে এটি একটি গ্রামের শেষ আলোর প্রদীপ।

মেহেরপুরের শোলমারী সীমান্ত থেকে এক বাংলাদেশীকে ধরে নিয়ে গেছে বিএসএফ !

মেহেরপুর সদর উপজেলার শোলমারী সীমান্তের কাঁটাতারের বেড়ার কাছে থেকে মিলন আলী নামের এক বাংলাদেশীকে ধরে নিয়ে গেছে বিএসএফ সদস্যরা। তবে বিজিবি পতাকা বৈঠকের জন্য বিএসএফকে চিঠি দিলেও ধরে নিয়ে যাওয়ার ব্যাপারে নিশ্চিত নয় বলে তাদের পক্ষ থেকে জানানো হয়েছে।

গত মঙ্গলবার দিবাগত রাতে ভারতের করিমপুর থানার নন্এদনপুর বিএসএফ ক্যাম্পের সদস্যরা ধরে নিয়ে গেছে বলে জানিয়েছে মিলনের পরিবার। এঘটনার পর থেকে বিজিবি ওই বাংলাদেশীকে ফেরত চেয়ে চিঠি দিয়েছে। আজ বৃহস্পতিবার উভয় পক্ষের মধ্যে পতাকা বৈঠকের কথা রয়েছে।

আটক বাংলাদেশী মিলন আলী শোলমারী গ্রামের বিশ্বাস পাড়ার মার্জেন আলীর ছেলে।

শোলমারী বিজিবি ক্যাম্প কমান্ডার সুবেদার আব্দুল মান্নান জানান, আমরা এখনো নিশ্চিত নয় যে তাকে বিএসএফ ধরে নিয়ে গেছে। তবে আমরা

জানার পর বিএসএফকে চিঠি দিয়েছি। চিঠির জবাবে তারা ক্যাম্প কমান্ডার লেভেলে পতাকা বৈঠকের জন্য সীমান্তের জিরো পয়েন্টে এসেছেন।

মেপ্র/ইএম